মিশিগানে দাওয়াহ ও রিসার্চ সেন্টারের সীরাতুন্নবী (সা.) মাহফিল

সুলায়মান আল মাহমুদ, মিশিগান থেকে: কুরাআন সুন্নাহ রিসার্চ সেন্টারের চেয়ারম্যান বরণ্যে আলেমে দ্বীন আল্লামা শায়খ ফখরুদ্দীন আহমেদ বলেছেন, মানবতার মুক্তিদূত বিশ্বনবী (সা.) আমাদের আদর্শ। পৃথিবীর যে কোন প্রান্তে থাকলেও বিশ্বনবীর আদর্শ অনুকরণ সম্ভব। আর বিশ্বনবী (সা.) এর অনুস্মরণের মধ্যেই ইহকালিন সফলতা ও পরকালিন মুক্তি নিহিত।
তিনি বলেন, শ্রেষ্ট জাতি হওয়া স্বত্তেও মুসলমানরা আজ লাঞ্চিত বঞ্চিত নিপীড়িত জাতিতে পরিনত হয়েছে। এর একটাই কারণ আল কুরআন ও নবীজী (সা.) এর সুন্নাত থেকে সরে যাওয়া। অথচ নবীজী (সা.) এর আদর্শ অনুকরণের মাধ্যমেই আমরাই শ্রেষ্ট জাতিতে পরিনত হওয়ার কথা ছিল। দ্বিধাবিভক্ত মুসলিম উম্মাহকে ঐক্যবদ্ধ করতে নবীজী (সা.) এর দেখানো মতে, দেখানো পথে সবাইকে চলার সিদ্ধান্ত নিতে হবে। অন্যথায় মুসলমানদের জন্য আরো করুন পরিনতি অপেক্ষা করছে।
তিনি শুক্রবার স্থানীয় সময় বিকেলে যুক্তরাষ্ট্রের মিশিগান অঙ্গরাজ্যের সিডিআর মসজিদে ‘সেন্টার ফর দাওয়াহ এন্ড রিসার্চ’ এর উদ্যোগে আয়োজিত সীরাতুন্নবী (সা.) মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে উপরোক্ত কথা বলেন। সংগঠক শাহেদুল ইসলামের পরিচালনায় অনুষ্ঠিত মাহফিলে আলোচনা পেশ করেন সিডিআর মসজিদের ঈমাম ও খতিব মাওলানা জাকির হোসাইন, ইসলামিক স্কলার রফিকুল ইসলাম প্রমুখ। এছাড়াও সীরাত মাহফিলে ইসলামী সংগীত পরিবেশন করেন রেনেসাঁ কালচারাল গ্রুপের পরিচালক শিল্পী শফিকুল ইসলাম রুবেল, শিল্পী ইয়াসিন রাহিন ও শিল্পী ডা. রায়হান।
মাহফিলে স্থানীয় মুসলমি কমিউনিটির বিপুল সংখ্যক ধর্মপ্রাণ মুসল্লী অংশ নেন।